বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি.
প্রশাসন ও মানবসম্পদ পরিদপ্তর

তারিখ: ০৫ মে ২০২৫ খ্রিঃ

প্রশাসনিক আদেশ নম্বর: ২২/২০২৫

**বিষয়ঃ নিয়োগ নির্বাচনী কমিটি সংক্রান্ত নীতিমালা।**

চেয়ারম্যান, বিমান পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে সকল পর্যায়ের (বিএফসিসি ও বিপিসিসহ) কর্মকর্তা/কর্মচারীর (ককপিট-ক্রু ব্যতীত) সার্বিক নিয়োগ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হলো:

ক) সংশ্লিষ্ট পরিদপ্তর/বিভাগ/উপ-বিভাগের চাহিদা অনুযায়ী শূন্য পদ ও অনুমোদন সাপেক্ষে নিয়োগ শাখা পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করবে;

খ) প্রশাসন পরিদপ্তর নিয়োগের প্রবেশপত্র ইস্যু, প্রাথমিক বাছাই (প্রযোজ্য ক্ষেত্রে), লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে), অনুচ্ছেদ-২ এর কমিটি এবং অনুচ্ছেদ-৩ এ উল্লেখিত বোর্ড মৌখিক পরীক্ষা গ্রহণ করবে ও চুড়ান্ত ফলাফল নিয়োগ সংক্রান্ত কমিটিতে প্রেরণ করবে এবং

গ) নিয়োগ শাখা চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের প্রস্তাবপত্র ও নিয়োগপত্র প্রদান করত: নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবে।

বর্ণিত সিদ্ধান্তের আলোকে নিম্নোক্তভাবে নিয়োগ নির্বাচনী কমিটি পুনর্গঠন করা হলো:

## নিয়োগ সংক্রান্ত কমিটি (বেতন বিভাগ-১ হতে ৮ / সমপর্যায়ের):

| | | |
|---|---|---|
| ক) | পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ) | - সভাপতি |
| খ) | পরিচালক (অর্থ) | - সদস্য |
| গ) | মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানবসম্পদ) | - সদস্য |
| ঘ) | উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ) | - সদস্য-সচিব |

### কার্যপরিধি:

ক) এই কমিটি বেতন বিভাগ-১ হতে ৮/সমপর্যায়ের পদসমূহের নিয়োগের নিমিত্ত খসড়া নিয়োগ বিজ্ঞপ্তি অনুমোদন প্রদান করবে;

খ) এই কমিটি পরীক্ষার কেন্দ্র নির্ধারণসহ তা অনুমোদন করবে;

গ) কমিটি প্রয়োজনবোধে বিমানের যে কোনো কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে;

ঘ) সংশ্লিষ্ট বিভাগ/পরিদপ্তরের চাহিদানুযায়ী শূন্যপদ থাকা সাপেক্ষে পদসংখ্যা পুনর্নিধারণ করবে;

ঙ) এই কমিটি কর্তৃক নিয়োগ সংক্রান্ত বিষয়ে সার্বিক আর্থিক ব্যয় ব্যবস্থাপনা কার্যক্রম সম্পাদন করবে;

চ) মৌখিক পরীক্ষার বোর্ডসমুহ কর্তৃক মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধাভিত্তিক তালিকা এই কমিটির নিকট প্রেরণ করবে। কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষার সমন্বয়ে প্রস্তুতকৃত ফলাফল মূল্যায়নপূর্বক তা অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট নিয়োগের জন্য সুপারিশ করবে;

ছ) সংশ্লিষ্ট বিভাগ/পরিদপ্তরের চাহিদানুযায়ী চূড়ান্ত নিয়োগের উদ্দেশ্যে ১ (এক) বছরের জন্য প্রয়োজনীয় সংখ্যক অপেক্ষমান তালিকার সুপারিশ প্রণয়ন করবে এবং

জ) নিয়োগ শাখা এই কমিটিকে সকল প্রকার সাচিবিক সহায়তা প্রদান করবে।

০২. সকল শ্রেণীর কর্মকর্তা/কর্মচারী নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে বাছাই/লিখিত পরীক্ষা গ্রহণে প্রশ্নপত্র প্রণয়ন কমিটি গঠন করা হলো:

## বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ও প্রশ্নপত্র প্রণয়ন কমিটি (বেতন বিভাগ-১ হতে ৮ / সমপর্যায়ের):

| | | |
|---|---|---|
| ক) | পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ) | - সভাপতি |
| খ) | মহাব্যবস্থাপক অথবা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তা (সংশ্লিষ্ট বিভাগ) | - সদস্য |
| গ) | মহাব্যবস্থাপক ( প্রশাসন ও মানবসম্পদ) | - সদস্য |
| ঘ) | উপ-মহাব্যবস্থাপক (ট্রেনিং), বিএটিসি | - সদস্য |
| ঙ) | উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ) | - সদস্য-সচিব |

চলমান পাতা-০২

**কার্যপরিধি:**

ক) এই কমিটি বেতন বিভাগ-১ হতে ৮/সমপর্যায়ের পদে নিয়োগের জন্য বাছাই/লিখিত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নসহ বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষা গ্রহণের যাবতীয় কার্যক্রম গ্রহণ করবে;

খ) এই কমিটি প্রয়োজনবোধে বিমানের যে কোনো কর্মকর্তাকে (সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ) / বিশেষজ্ঞ কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে এবং

গ) নিয়োগ শাখা এই কমিটিকে সকল প্রকার সাচিবিক ও প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত কাজে সহায়তা প্রদান করবে।

০৩. কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগের নিমিত্ত মৌখিক পরীক্ষার বোর্ড নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো:

**মৌখিক পরীক্ষার বোর্ড-১: বেতন বিভাগ-৬ হতে ৮ / সমপর্যায়ের পদের জন্য:**

| | | |
|---|---|---|
| ক) | ব্যবস্থাপনা পরিচালক ও সিইও | - সভাপতি |
| খ) | সংশ্লিষ্ট পরিচালক | - সদস্য |
| গ) | মহাব্যবস্থাপক অথবা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তা (সংশ্লিষ্ট বিভাগ) | - সদস্য |
| ঘ) | মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানবসম্পদ) | - সদস্য |
| ঙ) | উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | - সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

ক) এই বোর্ড লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করবে;

খ) এই বোর্ড প্রার্থীদের মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাভিত্তিক তালিকা নিয়োগ সংক্রান্ত কমিটির নিকট প্রেরণ করবে;

গ) বোর্ডের সভাপতি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ / বিশেষজ্ঞ কর্মকর্তাকে (প্রয়োজনীয় সংখ্যক) কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে এবং

ঘ) নিয়োগ শাখা এই বোর্ডকে সকল প্রকার সাচিবিক সহায়তা প্রদান করবে।

**মৌখিক পরীক্ষার বোর্ড-২: বেতন বিভাগ-১, ১(টেক) হতে ৫ম / সমপর্যায়ের (কেবিন ক্রু ব্যতীত) পদের জন্য:**

| | | |
|---|---|---|
| ক) | সংশ্লিষ্ট পরিচালক | - সভাপতি |
| খ) | মহাব্যবস্থাপক অথবা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তা (সংশ্লিষ্ট বিভাগ) | - সদস্য |
| গ) | মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানবসম্পদ) | - সদস্য |
| ঘ) | উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | - সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

ক) এই বোর্ড লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করবে;

খ) এই বোর্ড প্রার্থীদের মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাভিত্তিক তালিকা নিয়োগ সংক্রান্ত কমিটির নিকট প্রেরণ করবে;

গ) বোর্ডের সভাপতি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ / বিশেষজ্ঞ কর্মকর্তাকে (প্রয়োজনীয় সংখ্যক ) কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে এবং

ঘ) নিয়োগ শাখা এই বোর্ডকে সকল প্রকার সাচিবিক সহায়তা প্রদান করবে।

চলমান পাতা-০৩

**মৌখিক পরীক্ষার বোর্ড-৩: বেতন বিভাগ-৪ (কেবিন ক্রু) পদের জন্য:**

| | | |
|---|---|---|
| ক) | ব্যবস্থাপনা পরিচালক ও সিইও` | - সভাপতি |
| খ) | পরিচালক (গ্রাহকসেবা) | - সদস্য |
| গ) | উপ-মহাব্যবস্থাপক (ফ্লাইট সার্ভিস) | - সদস্য |
| ঘ) | উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | - সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

ক) এই বোর্ড লিখিত//ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করবে;

খ) এই বোর্ড প্রার্থীদের মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাভিত্তিক তালিকা নিয়োগ সংক্রান্ত কমিটির নিকট প্রেরণ করবে;

গ) বোর্ডের সভাপতি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ / বিশেষজ্ঞ কর্মকর্তাকে (প্রয়োজনীয় সংখ্যক) কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে;

ঘ) নিয়োগ শাখা এই বোর্ডকে সকল প্রকার সাচিবিক সহায়তা প্রদান করবে;

**বোর্ড-০৪: বৈদেশিক স্টেশনে স্থানীয় কর্মচারি নিয়োগ সম্পর্কিত কমিটি:**

| | | |
|---|---|---|
| ক) | কান্ট্রি ম্যানেজার | - আহবায়ক |
| খ) | স্টেশন ম্যানেজার | - সদস্য |
| গ) | ফাইন্যান্স ম্যানেজার | - সদস্য |

**কার্যপরিধি:**

ক) এই বোর্ড জনবলের চাহিদা নিয়োগ শাখায় প্রেরণ করবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে স্থানীয় পত্রিকায়/অন্য নিয়োগ সংক্রান্ত বিজ্ঞাপনের মাধ্যমে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করবে;

খ) এই বোর্ড প্রার্থীদের প্রয়োজনবোধে লিখিত পরীক্ষা/সর্ট লিস্ট প্রণয়নপূর্বক মৌখিক পরীক্ষা গ্রহণ করবে;

গ) এই বোর্ড প্রার্থীদের লিখিত (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাভিত্তিক তালিকা ও অপেক্ষমান তালিকা প্রণয়নপূর্বক পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)-এর অনুমোদনের জন্য প্রেরণ করবে এবং

ঘ) সংশ্লিষ্ট কমিটি/বোর্ডের আহবায়ক প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ/বিশেষজ্ঞ স্থানীয় যে কোনো কর্মকর্তাকে বোর্ডের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবে।

০৪. প্রশাসনিক আদেশ নম্বর ১৯/২০২৫ বাতিলকরত: এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

মোহাঃ আব্দুর রফিক
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)
(যুগ্মসচিব)

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) পরিচালক (সকল);

২) মহাব্যবস্থাপক (সকল)/অধ্যক্ষ, বিএটিসি/চিফ অফ ট্রেনিং/চিফ অফ টেকনিক্যাল/চিফ অফ ফ্লাইট সেফটি/চিফ অফ সিডিউলিং এন্ড প্ল্যানিং/প্রধান প্রকৌশলী (সকল)/কোম্পানি সেক্রেটারি/প্রধান চিকিৎসক;

৩) সকল উপ-মহাব্যবস্থাপক/উপ-প্রধান প্রকৌশলী/প্রধান প্রশিক্ষক;

৪) সকল ব্যবস্থাপক/জেলা ব্যবস্থাপক/স্টেশন ব্যবস্থাপক/ব্যবস্থাপক হিসাব;

৫) ব্যবস্থাপক (প্রশাসন) ব্যবস্থাপনা পরিচালক ও সিইও'র দপ্তর-ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য;

৬) ইনচার্জ (সকল) প্রশাসনিক সেল-সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ/উপ-বিভাগ/শাখাকে অবহিতকরণপূর্বক সংরক্ষণের জন্য।